

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১৯০(আগরতলা, ২০১৪)

বিলোনীয়া, ২০ এপ্রিল ২০১৭

বিলোনীয়ায় বর্ষবরণ উৎসব ২২ শে

বিভিন্ন সাংস্কৃতিক কর্মসূচির মধ্য দিয়ে আগামী ২২ এপ্রিল থেকে তিন দিন ব্যাপী জয়পুর গ্রাম পঞ্চায়েতের মুক্তমঞ্চে বর্ষবরণ, লোক সংস্কৃতি এবং পান উৎসব অনুষ্ঠিত হবে। উৎসবের উদ্বোধন করবেন স্বাস্থ্যমন্ত্রী বাদল চৌধুরী। প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিধায়ক বাসুদেব মজুমদার। ২৩ এপ্রিল মহামায়া বাড়ী মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হবে মা ও শিশু মেলা এবং বিনামূল্যে স্বাস্থ্য শিবির। ২৪ এপ্রিল অনুষ্ঠিত হবে সমবায় প্রথায় কৃষি ও পান চাষ বিষয়ক আলোচনাচক্র। এর উদ্বোধন করবেন বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর। সন্ধ্যায় অনুষ্ঠিত হবে পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান। উৎসব উপলক্ষ্যে প্রতিদিন সন্ধ্যায় থাকবে রাজ্য ও বহিরাঙ্গের শিল্পীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান। তথ্য ও সংস্কৃতি দপ্তর, উদ্যান ও ভূমি সংরক্ষণ দপ্তর, ঋষ্যমুখ পঞ্চায়েত সমিতি এবং দক্ষিণ ত্রিপুরা জেলা পরিষদের উদ্যোগে এই উৎসব আয়োজিত হচ্ছে।

This document is a scanned copy of a PDF file. To remove this message, please purchase the product at www.SmartPDFConverter.com